

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন (আর্লি ফ্রেন্স ইমার্শান)

tdsb
French

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন কি?

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন একটি নিবিড় ফ্রেন্স ল্যাঙগুয়েজ প্রোগ্রাম (ফরাসি ভাষার প্রোগ্রাম) যা শুরু হয় কিন্ডারগার্টেন-এ এবং গ্রেড 12 পর্যন্ত চলতে থাকে। জেকে (JK) থেকে 3য় গ্রেডের সমস্ত ক্লাস কার্যক্রম ফরাসি ভাষায় পরিচালিত হয়। একটি বিশেষজ্ঞ বিষয় (যেমন হেল্থ (স্বাস্থ্য) এবং ফিজিক্যাল এডুকেশন (শারীরিক শিক্ষা)) ইংরেজিতে পড়ানো হতে পারে। গ্রেড 4-8-এ, প্রোগ্রামটি পড়ানো হবে 50% ফরাসিতে এবং 50% ইংরেজিতে।

কে আবেদন করতে পারে?

জুনিয়র কিন্ডারগার্টেন-এ প্রবেশকারী সমস্ত শিশুরা প্রারম্ভিক ফরাসি নিমজ্জন-এর জন্য আবেদন করার যোগ্য।

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন কার জন্য?

- ✓ যে পরিবারগুলো বাড়িতে ফ্রেন্স (ফরাসি) ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলে তাদের জন্য পরিকল্পিত করা হয়েছে।
- ✓ আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে সকল শিক্ষার্থী অন্য ভাষা শিখতে সক্ষম, তাই সমস্ত শেখার ধরন এবং ভাষা পটভূমির শিক্ষার্থীদের প্রোগ্রামে স্বাগত জানানো এবং সমর্থন করা হয়।
- ✓ প্রারম্ভিক ফরাসি নিমজ্জন প্রোগ্রামটি সেই সমস্ত পরিবারের জন্য উপযুক্ত যারা ফরাসি ভাষায় দক্ষতা বিকাশের সুযোগে আগ্রহী।



প্রারম্ভিক নিমজ্জন প্রোগ্রামের সুবিধাসমূহ

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন প্রোগ্রাম যে কোনো ভাষার পটভূমির শিক্ষার্থীরা ফরাসি ভাষায় উচ্চ স্তরের দক্ষতা বিকাশ প্রদান করে। এইভাবে অন্য ভাষায় অধ্যয়ন করাটা শিক্ষার্থীদের জন্য আরও অনেক সুবিধা প্রদান করে যার মধ্যে রয়েছে:

- ✓ অন্য ভাষায় অধ্যয়ন শিক্ষার্থীদের তাদের প্রধান ভাষায় দক্ষতা বাড়াতে প্রমাণিত হয়েছে।
- ✓ ভাষা শিক্ষা অন্যান্য জ্ঞানগত সুবিধা প্রদান করে যেমন উচ্চ-বিকশিত চিন্তাভাবনা এবং শেখার দক্ষতা যা শিক্ষার্থীরা তাদের পড়াশোনার সমস্ত ক্ষেত্রে প্রয়োগ করে।
- ✓ একের অধিক ভাষায় দক্ষতা শিক্ষার্থীদের তাদের ভবিষ্যতের জন্য সুযোগের দ্বার উন্মুক্ত করে এবং বিভিন্ন সংস্কৃতি ও পরিচয় সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে।
- ✓ দ্বিভাষিক শিক্ষার্থীরা সামগ্রিকভাবে তাদের যোগাযোগ দক্ষতায় বলিষ্ঠ বিকাশ লাভ করে এবং অতিরিক্ত ভাষা আরো সহজে শিখতে পারে।

আবেদন তথ্য

আর্লি ফ্রেন্স ইমার্শান (প্রারম্ভিক ফরাসি নিমজ্জন) প্রোগ্রাম এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে www.tdsb.on.ca/French-এ যান।

বর্তমানে, প্রারম্ভিক ফরাসি নিমজ্জন প্রোগ্রামের জন্য আবেদন সময় প্রতি বছরের **নভেম্বরে**। একটি প্রদত্ত বছরের জন্য আবেদনের সময়সীমা সম্পর্কে তথ্যের জন্য সেপ্টেম্বরের শুরুতে ওয়েবসাইটটি দেখুন।

এটা লক্ষ্য রাখা জরুরী যে যদিও প্রোগ্রামে প্লেসমেন্ট (নিয়োগ/অবস্থান) সব যোগ্য অন-টাইম (যথাসময়ের) আবেদনকারীদের জন্য নিশ্চিত করা হয়, কোন নির্দিষ্ট স্কুলে প্লেসমেন্ট (নিয়োগ/অবস্থান) নিশ্চিত করা হয় **না**।

www.tdsb.on.ca/French

প্রারম্ভিক ফরাসি নিমজ্জন (আর্লি ফ্রেন্স ইমার্শান)

গবেষণা কি বলে?

"FI (এফ আই)-এ শিক্ষার্থীরা ফরাসি ভাষায় উন্নত দক্ষতা অর্জনের পাশাপাশি স্কুলের বিষয়বস্তুতে দক্ষতা অর্জন করে (বিজ্ঞান, সামাজিক অধ্যয়ন, গণিত ইত্যাদি) যা ইংরেজিতে এই বিষয়বস্তু অধ্যয়নরত অনুরূপ ছাত্রদের সমতুল্য।"
(ওয়েল্শ, 2002)

কানাডার বিভিন্ন অংশের গবেষণাসমূহ ইংরেজিতে পরীক্ষা করার সময় গণিত, বিজ্ঞান এবং সামাজিক অধ্যয়নের অর্জনে EFI (ইএফআই) বা MFI (এমএফআই) প্রাথমিক বিদ্যালয়ে নিমজ্জিত শিক্ষার্থীদের জন্য কোনও নেতিবাচক প্রভাব খুঁজে পায়নি।
(ওয়েল্শ, 2002)

যদিও একটি শিশুর প্রথম ভাষা একটি সামাজিক ভাষা নাও হতে পারে, শিশুরা সফলভাবে একটি অতিরিক্ত ভাষা, যেমন ফরাসি, একই সাথে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি শেখার সময় শিখতে পারে।
(ও'ব্রায়েন, 2017)

তথ্যাবলী দেখায় যে পঠন ক্ষমতায় ফরাসি-নিমজ্জন প্রোগ্রামে নথিভুক্ত ছাত্ররা অ-নিমজ্জন প্রোগ্রামে তাদের প্রতিপক্ষদের ছাড়িয়ে গিয়েছে।
<https://www150.statcan.gc.ca/n1/daily-quotidien/040322/dq040322a-eng.htm>

পুস্তক বিবরণী/গ্রন্থপঞ্জি

Wesche, M.B. (2002) Early French Immersion: How has the original Canadian model stood the test of time? An Integrated View of Language Development, Petra Burmeister, Thorsten Piske, and Andreas Rohde (Eds), WVT Wissenschaftlicher Verlag Trier.
www.fmks-online.de/_wd_showdoc.php?pic=865

Statistics Canada, (2004) Student Reading Performance in Minority Language Schools.
<https://www150.statcan.gc.ca/n1/daily-quotidien/040322/dq040322a-eng.htm>

O'Brien (2017) Literature Review on the Impact of Second Language Learning, Canadian Association of Second Language Teachers.